# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮

তারিখ: ২৫.০২.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

**জুলাই অভ্যুত্থানের শহীদ পরিবারদের মাঝে ঈদ উপহার হস্তান্তর করলেন মেয়র ডা. শাহাদাত**

২০২৪ সালের জুলাই-আগষ্ট ছাত্র জনতার গণঅভ্যুত্থান ১৩ শহীদ পরিবারদের হাতে ঈদ উপহার ও অনুদানের অর্থ তুলে দিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। মঙ্গলবার চসিক কর্তৃক আয়োজিত অমর একুশে বইমেলা চট্টগ্রাম ২০২৫ এ 'রক্তাক্ত জুলাইয়ে শহীদদের আত্মত্যাগ আমাদের প্রেরনার উৎস' শীর্ষক আলোচনা ও শহীদ পরিবারকে অনুদান প্রদান অনুষ্ঠান এম এ আজিজ স্টেডিয়াম জিমনেশিয়াম চত্বরে অনুষ্ঠিত হয়। আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন।প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, আমরা শুধু ২০২৪ সালের শহীদদের নয়, ১৯৫২-এর ভাষা আন্দোলনের শহীদ সালাম, জব্বার, রফিক, বরকত, ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের বীর সেনানী এবং বীরশ্রেষ্ঠদেরও শ্রদ্ধাভরে স্মরণ করি। একই সঙ্গে ৯০-এর স্বৈরাচারবিরোধী আন্দোলনে শহীদদের প্রতি আমাদের গভীর শ্রদ্ধা জানাই। আমি শহীদ পরিবারের সদস্যদের জানাতে চাই আমরা হয়তো আপনাদের প্রিয়জনদের ফিরিয়ে দিতে পারবো না, তবে তাদের জন্য কিছু করতে পারি। আমরা আমাদের অবস্থান থেকে সর্বোচ্চ সহযোগিতা করবো, যাতে আপনাদের কিছুটা হলেও সান্ত্বনা দিতে পারি।মেয়র আরো বলেন, চট্টগ্রামে সাইনবোর্ডের ভাষা যেন বাংলা হয় এ দাবি জানিয়ে আসছেন ডা. মাহফুজুর রহমানসহ চট্টগ্রামের বিশিষ্টজনরা। আমি এটিকে অত্যন্ত যৌক্তিক মনে করি এবং ইতোমধ্যে একটি টিম গঠনের কার্যক্রম হাতে নিয়েছি, যারা চট্টগ্রামের ট্রেড লাইসেন্স এবং হোল্ডিং ট্যাক্সের আওতাভুক্ত সব দোকান ও মার্কেটে বাংলায় সাইনবোর্ড বাধ্যতামূলক করার জন্য কার্যক্রম পরিচালনা করবে।"আমি মেয়র হিসেবে নয়, জনগণের সেবক হিসেবে কাজ করতে চাই। আমরা চট্টগ্রামকে একটি পরিচ্ছন্ন, সবুজ এবং বাসযোগ্য শহর হিসেবে গড়ে তুলতে চাই। কিছু খাল পরিষ্কার করা হলেও, দুঃখজনকভাবে এক মাসের মধ্যেই আবার সেগুলো গার্বেজ স্টেশনে পরিণত হয়েছে। আমরা যদি আইন প্রয়োগ না করি এবং দোষীদের শাস্তির আওতায় না আনি, তাহলে আমাদের সব প্রচেষ্টা ব্যর্থ হবে। এ বিষয়ে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।"নগর উন্নয়ন নিয়ে মেয়র জানান, আমরা একটি সমন্বিত কমিটি গঠন করছি, যেখানে ডিসি, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ), ওয়াসা, বিদ্যুৎ বিভাগ, পানি উন্নয়ন বোর্ডসহ সব সেবা সংস্থা এবং রাজনৈতিক দলের নেতৃবৃন্দ অন্তর্ভুক্ত থাকবে। এই শহর আমার একার নয়, আমাদের সবার। আমাদের পরবর্তী প্রজন্মের জন্য একটি সুন্দর নগর গড়ে তুলতে হলে দেশপ্রেম ও শহরপ্রেমকে কাজে লাগাতে হবে।মেয়র চট্টগ্রামের বর্ষীয়ান রাজনীতিবিদ, সাবেক মন্ত্রী আব্দুল্লাহ আল নোমানের মৃত্যুতে শোক প্রকাশ করে স্মৃতিচারণ করেন এবং আমরা তাঁর রূহের মাগফিরাত কামনা করেন।অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে চট্টগ্রাম জেলা প্রশাসক ফরিদা খানম বলেন,মেয়র মহোদয়ের অক্লান্ত পরিশ্রমে চট্টগ্রামে একটা দৃশ্যমান অগ্রগতি হয়েছে। আমি মনে করি চট্টগ্রামবাসী অত্যন্ত গর্বিত সারা বাংলাদেশে যেখানে মেয়রশূন্যতায় ভুগছে সেখানে আপনারা একজন জনবান্ধব মেয়র পেয়েছেন। তিনি মাসব্যাপী বইমেলার আয়োজন করেছেন এবং মাসব্যাপী কালচারাল প্রোগ্রামের আয়োজন করেছেন। এই বইমেলায় একুশের যে চেতনা, এর ইতিহাস সম্পর্কে আপনারা জানতে পারেন। এটা একটা চমৎকার উদ্যোগ। মেয়র মহোদয় বলেছেন যে ভাষার মাসে তিনি কোনভাবেই যাতে বাংলা ভাষার অমর্যাদা না হয় সেই ভাষার মাসের মর্যাদা রক্ষার্থে তিনি প্রত্যেকটা সাইনবোর্ড যেগুলি ইংরেজিতে লেখা আছে সেই সাইনবোর্ডগুলি তিনি বাংলায় করে দেয়ার উদ্যোগ নিবেন। এটা একটা মহৎ উদ্যোগ মেয়র মহোদয়ের। এই উদ্যোগকে আমি স্বাগত জানাই। আর যেহেতু মেয়র মহোদয় জনবান্ধব কাজ করছেন, ছুটে চলছেন মানুষের কল্যাণে সেই সূত্র ধরে জেলা প্রশাসন সবসময় মেয়র মহোদয়ের যেকোনো ইতিবাচক কাজে পাশে থাকবে। আমি জেলা প্রশাসক হিসেবে মেয়র মহোদয়কে এই কমিটমেন্ট দিয়ে যাচ্ছি। চট্টগ্রাম মহানগর জামায়াতে ইসলামী আমির শাহাজাহান চৌধুরী বলেন, যাদের ত্যাগের বিনিময়ে দেশ নতুনভাবে স্বাধীনতা পেল তাদের প্রতি আমরা কৃতজ্ঞ। জুলাই আন্দোলনে জনতার পক্ষে অংশ নেয়া সবাইকে নিয়ে আমরা নতুন বাংলাদেশ গড়তে চাই।চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা ড.কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মুক্তির সংগ্রাম ও মুক্তিযুদ্ধের গবেষণা ট্রাস্টের চেয়ারম্যান ডাঃ মাহফুজুর রহমান, চট্টগ্রাম মহানগর বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মুখপাত্র ফাতেমা খানম লিজা।



**সুস্থ প্রতিযোগিতার মাধ্যমে শিশুদের এগিয়ে যেতে হবে: মেয়র ডা. শাহাদাত**

শিক্ষার্থীদের মেধা বিকাশে প্রতিযোগিতার গুরুত্ব তুলে ধরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, "প্রতিযোগিতার মাধ্যমে শিশুদের এগিয়ে যেতে হবে, কেননা সুস্থ প্রতিযোগিতা শিক্ষার্থীদের আত্মবিশ্বাস বাড়ায় ও ভবিষ্যতের জন্য প্রস্তুত করে।"পাথরঘাটা সিটি কর্পোরেশন বালক উচ্চ বিদ্যালয় এবং পাথরঘাটা বালিকা উচ্চ বিদ্যালয় এর বার্ষিক ক্রীড়া পুরস্কার বিতরণ ও এস.এস.সি বিদায় অনুষ্ঠান-২০২৫ আজ মঙ্গলবার বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন।মেয়র বলেন, প্রতিযোগিতায় জয়-পরাজয় স্বাভাবিক বিষয়। আজকের এই পুরস্কার বিতরণের অনুষ্ঠানে যারা জয়ী হয়েছে, তাদের এই সাফল্য ধরে রাখতে হবে, আর যারা বিজয়ী হতে পারেনি, তাদের আগামীতে জয়ের জন্য কঠোর পরিশ্রম করতে হবে। সুস্থ প্রতিযোগিতা আমাদের সমাজকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করে। যারা পুরস্কার লাভ করেছ আর পুরস্কার লাভ করতে পারোনি সবাইকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমরা যারা রাজনীতিবিদ আছি সমাজবিদ আছি প্রত্যেক জায়গায় কম্পিটিশন আছে এবং সেটা থাকবে থাকা উচিত। প্রতিযোগিতার মাধ্যমে শিশুদের মধ্যে ইতিবাচক মানসিকতা গড়ে তুলতে হবে। সমাজে গঠনমূলক আলোচনা ও সমালোচনার সুযোগ থাকা উচিত, তবে তা যেন প্রতিহিংসার রূপ না নেয় এটা আমাদের মনে রাখতে হবে।"এখান থেকে দুটো শিক্ষা নিতে হবে যারা এখানে আজকে জিতেছ তাদেরকে এই মনোভাব পোষণ করতে হবে আমাদের এই জিতটাকে আমাদের ধরে রাখতে হবে আর আজকে আমরা জিততে পারিনি যারা এই কমিটমেন্ট রাখতে হবে আগামীতে আমরাই জিতব কাজেই এই যে জিতার একটা ধরে রাখার কমিটমেন্ট আরেকটার সামনে জিতব এই কমিটমেন্ট এটা যদি আমাদের সর্বক্ষেত্রে থাকে তাহলে কিন্তু আমরা এই সমাজকে অনেক কিছু দিতে পারব।"শহরের পরিচ্ছন্নতা ও পরিবেশ সংরক্ষণের বিষয়ে তিনি বলেন, শহরকে সুন্দর ও পরিচ্ছন্ন রাখতে হলে শিক্ষার্থীদের ছোটবেলা থেকেই সচেতন হতে হবে। প্লাস্টিক ও পলিথিন ব্যবহারে নিয়ন্ত্রণ আনতে হবে এবং নির্দিষ্ট স্থানে আবর্জনা ফেলার অভ্যাস গড়ে তুলতে হবে। তিনি স্কুলের জন্য ডাস্টবিন সরবরাহের প্রতিশ্রুতি দেন যাতে শিক্ষার্থীরা নির্দিষ্ট জায়গায় আবর্জনা ফেলতে পারে এবং শিক্ষার্থীদের প্লাস্টিকের বোতলের পরিবর্তে কাচের গ-াস ও জার ব্যবহারের আহ্বান জানান।শিশুদের মানসিক স্বাস্থ্য ও সঠিক বিকাশের ওপর গুরুত্ব দিয়ে মেয়র বলেন, প্রতিটি স্কুলে চাইল্ড হেলথ অত্যন্ত গুরুত্বপূর্ণ। শুধু পরিষ্কার-পরিচ্ছন্নতা নয়, শিশুদের মানসিক স্বাস্থ্যও সমান গুরুত্বপূর্ণ। অনেক মেধাবী শিক্ষার্থী আছে, যারা তাদের যথাযথ দক্ষতা প্রদর্শন করতে পারে না। চাইল্ড সাইকোলজিস্টের মাধ্যমে তাদের সাইকোথেরাপি দেওয়া হলে তারা ভালো ফলাফল করতে পারবে। প্রতিটি স্কুলে একজন করে সাইকোলজিস্ট থাকা উচিত। সপ্তাহে অন্তত দুদিন তারা ক্লাস নিলে বাচ্চাদের মনোযোগ বাড়বে।"তিনি বলেন, শিক্ষার্থীদের সহযোগিতায় আমরা একটি ক্লিন, গ্রিন ও হেলদি সিটি গড়ে তুলতে চাই। ইনশাআল্লাহ, সবাই মিলে চট্টগ্রামকে আরও সুন্দর ও বাসযোগ্য নগরীতে রূপান্তর করব। এই রাষ্ট্রকে আমরা সবাই মিলে একটি সুন্দর সমৃদ্ধশালী দুর্নীতিমুক্ত বাংলাদেশে পরিণত করতে পারব।অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধান শিক্ষা কর্মকর্তা ড. কিসিঞ্জার চাকমা, পাথরঘাটা ওয়ার্ডের সাবেক কমিশনার ইসমাইল বালি, বিদ্যালয়ের প্রধান শিক্ষক আকতার হোসেইন, রূপম ঘোসসহ অন্যান্য শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ।



## চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন এর সাথে দক্ষিণ কাট্টলী সার্বজনীন মহাতীর্থ বারুনী স্নান পরিচালনা পরিষদের সাথে সৌজন্য সাক্ষাৎ

চট্টগ্রামের ১১নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ডের রানী রাসমনি ঘাটে "মধুকৃষ্ণা ত্রয়োদশী" তিথি উপলক্ষে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। কাট্টলী সার্বজনীন মহাতীর্থ বারুনী স্নান পরিচালনা পরিষদের ব্যবস্থাপনায় আগামী বৃহস্পতিবার (২৭ মার্চ) এ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। এ উপলক্ষে দক্ষিণ কাট্টলী সার্বজনীন মহাতীর্থ বারুনী স্নান পরিচালনা পরিষদেও নেতৃবৃন্দ মঙ্গলবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে মেয়রের সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে উপস্থিত ছিলেনড়পরিষদের সভাপতি সদানন্দ ভট্টাচার্য্য, সাধারণ সম্পাদক শ্রী বাবুল কান্তি নাথ, সিনিয়র সহ-সভাপতি ডা. বিজন কান্তি নাথ, অজিৎ কুমার দেবনাথ, সুভাষ চন্দ্র ধর, সুনিল বরণ দাশ, যুগ্ম সম্পাদক উদয়ন কান্তি নাথ, বাবলু দেবনাথ, ও রাজীব ধর তমাল।
এবারের আয়োজনকে ঘিরে পূণ্যার্থীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা যাচ্ছে। আয়োজকরা আশা করছেন, ধর্মীয় এই অনুষ্ঠান শান্তিপূর্ণভাবে সম্পন্ন হবে এবং ভক্তদের অংশগ্রহণে মুখরিত থাকবে কাট্টলীর রানী রাসমনি ঘাট।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮